

বিশেষ বাহক মারফত
অতি জরুরী/ তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা
www.bmet.gov.bd

স্মারক নং-৪৯.০১.০০০০.০২০.৩১.০৫০.২০-৪০ ৪৫ তারিখ: ২৭/০৮/২০২০ খ্রিঃ।


বিষয় : ২০২০ সালে ১০০০ জন কর্মীকে বিনা অভিবাসন ব্যয়ে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থাকরণ।

সূত্র : ক) ব্যুরোর পত্র নং-৪৯.০১.০০০০.০২০.৩১.০৫০.২০.১২৮৫, তারিখ: ১০/০২/২০২০ খ্রিঃ।

খ) ব্যুরোর পত্র নং-৪৯.০১.০০০০.০২০.৩১.০৫০.২০.১৭৩৯, তারিখ: ২৬/০২/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ‘মুজিব বর্ষ’ উদযাপন উপলক্ষে প্রণীত কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২০২০ সালে ১০০০ জন কর্মীকে বিনা অভিবাসন ব্যয়ে বিদেশে প্রেরণের সিদ্ধান্ত রয়েছে। তৎপ্রেক্ষিতে ২০২০ সালে কোন কোন রিক্রুটিং এজেন্সি কতজন কর্মীকে বিনা অভিবাসন ব্যয়ে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করবে সে সংক্রান্ত তালিকা ২০/০২/২০২০ তারিখের মধ্যে এবং পরবর্তীতে ২৭/০২/২০২০ তারিখের মধ্যে বিএমইটিতে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু এ বিষয়ে কোন তালিকা পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, ২০২০ সালে কোন কোন রিক্রুটিং এজেন্সি কতজন কর্মীকে বিনা অভিবাসন ব্যয়ে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করবে সে সংক্রান্ত তালিকা আগামী ০৩/০৯/২০২০ তারিখের মধ্যে বিএমইটিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


(ডি এম আতিকুর রহমান)
উপসচিব
পরিচালক (কর্মসংস্থান)
ফোন-৮৩০০৫৬৫

সভাপতি/মহাসচিব

বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল

রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)

১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।

অনুলিপি:

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন ও প্রটোকল/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণমান ও পরিকল্পনা), বিএমইটি, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (সকল)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
- ০৫। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ০৬। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার (সকল),